

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮. ৩৬.০৪৮.২০১৪-৬৯১

তারিখ : ২৭ ফাল্গুন, ১৪২৩বাং
১৬ মার্চ, ২০১৭ইং

বিষয়ঃ ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা অনুযায়ী পূর্ণগঠিত কর্মপরিকল্পনা প্রেরণ ও বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)”[Integrated Management of Resources for Poverty Alleviation Through comprehensive Technology(IMPACT)(Phase-2)(1stRevised)]-শীর্ষক প্রকল্পের প্রধান কার্যালয়ের ১৫-০২-২০১৭খ্রিঃ তারিখে ৩৪.০১.০০০০.০৩৮. ৩৬.০৪৮.২০১৪-৩৫৬ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে ২০১৬-২০১৭ অর্থবছরে নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা প্রেরণ করেছেন :


নং	উপজেলার নাম	জানুয়ারী/২০১৭ ইং পর্যন্ত	কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছরে বায়োগ্যাস প্লান্ট স্থাপন সংখ্যা
০১	পাংশা, রাজবাড়ী	৪০	১৪০
০২	জাজিরা, শরিয়তপুর	২৮	১২৪
০৩	রাঙ্গুনিয়া, চট্টগ্রাম	৪৩	১২৭
০৪	সেনবাগ, নোয়াখালী	৩৩	১১০
০৫	পরশুরামপুর, যেনী	৩৪	৮০
০৬	নাসিরনগর, বি-বাড়ীয়া	৭৫	১২৩
০৭	ডুমুরিয়া, খুলনা	২৪	১১৮

০২। প্রেরিত কর্মপরিকল্পনা অনুযায়ী আপনার উপজেলায় জানুয়ারী/২০১৭খ্রিঃ পর্যন্ত নির্মিত বায়োগ্যাস প্লান্ট স্থাপন সংখ্যা এবং বৎসরে মোট নির্মিতব্য বায়োগ্যাস প্লান্ট স্থাপনের কর্মপরিকল্পনা বাৎসরিক লক্ষ্যমাত্রার অনেক নিম্নে। ফলে প্রকল্পের চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে খুবই সমস্যা হচ্ছে। আপনি ২০১৬-২০১৭ অর্থবছরে প্রতি উপজেলার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ১৫২টি, বায়োগ্যাস প্লান্ট স্থাপনের সরকারী নির্দেশনা অবজ্ঞা করে খেয়াল খুশি কর্মপরিকল্পনা দাখিল করেছেন। বায়োগ্যাস প্লান্ট স্থাপনে আপনার এবং আপনার উপজেলার ইমপ্যাক্ট প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের উদ্যোগহীনতার কারণেই এরূপ অবস্থার সৃষ্টি হয়েছে বলে প্রতীয়মান হচ্ছে।

০৩। এমতাবস্থায় এরূপ হতাশাজনক (লক্ষ্যমাত্রার অনেক নিম্নে) কর্মপরিকল্পনা প্রেরণের কারণসহ পূর্ণগঠিত কর্মপরিকল্পনা জরুরী ভাবে (আগামী ১৬-০৩-২০১৭খ্রিঃ তারিখের মধ্যে) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী। উল্লেখ্য, সাবসিডি খাতে প্রয়োজনীয় বরাদ্দ শীঘ্রই প্রদান

করা হবে।

প্রাপক,
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
-----উপজেলা
-----জেলা।


(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প
ফোন-৯৫৮৮৩৯২

E-mail:pdImpactphase2dyd@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। পরিচালক------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সংশ্লিষ্ট) জেলা।
- ০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(তাকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর ----- উপজেলা-----জেলা।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। কমিউনিটি সুপারভাইজার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর ----- উপজেলা-----জেলা।
- ০৭। অফিস কপি।